গ) নাট্যকার শম্ভু মিত্রের কলমে চাঁদবণিক তথা চাঁদ সওদাগর চরিত্রের কোন্ দিকগুলির স্বাতন্ত্র্য চিহ্নিত বলে তোমার মনে হয়?

ঘ) ‘‘চাঁদ বণিকের পালা’য় চাঁদ সদাগর সত্যনিষ্ঠতার প্রতীক’’ — এই মন্তব্যের আলোকে চাঁদ সদাগর চরিত্রটি বিশ্লেষণ করো।

———————





# ২০২৫

# বাংলা

## (প্রোগ্রাম)

## (জেনেরিক ইলেক্টিভ)

## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

## ষষ্ঠ সেমেস্টার

## কোর্স কোড : BENG-G-GE-T-2

## (বাংলা নাটক পাঠ)

## [পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘পাগলা ঘোড়া’ নাটকের চরিত্র কার্তিক ও সাতুর বয়স কত?

খ) ‘ইন্টারেস্টিং লাইফ’ — কার লাইফ কেন ইন্টারেস্টিং ছিল?

গ) ‘কারাগার’ নাটকে ধরিত্রীর গাওয়া গানের কথা ও সুর কে রচনা করেন?

ঘ) ‘কারাগার’ নাটকে মথুরানগরীর নারায়ণ মন্দিরের তত্ত্বাবধায়ক কে ছিলেন? তিনি সম্পর্কে কংসের কে হন?

(পরের পাতায়)

ঙ) "সাতকড়ি ভয়ানক চমকে উঠল।" — কীসের জন্য সাতকড়ি চমকে উঠেছিল?

চ) 'পাগলা ঘোড়া' নাটকের দৃশ্যপট কী?

ছ) 'চাঁদ বণিকের পালা' নাটকে তারাপতি কর্মকার কে ছিলেন?

জ) দেবী মনসাকে চাঁদবণিক কী নামে সম্বোধন করতেন? চাঁদবণিক নিজে কোন্ দেবতার ভক্ত ছিলেন?

ঝ) 'পাগলা ঘোড়া' নাটকের চরিত্রগুলির নাম লেখো।

ঞ) 'কারাগার' নাটকটি প্রথম কবে কোথায় মঞ্চস্থ হয়?

ট) কংস কখন দৈববাণী শুনেছিলেন? দৈববাণীটি কী ছিল?

ঠ) 'চাঁদবণিকের পালা' নাটকটির উপাদান কোন্ মঙ্গলকাব্য থেকে গৃহীত? সেখানে চাঁদবণিক কী নামে পরিচিত?

ড) 'পাগলা ঘোড়া' কী জাতীয় নাটক? নাটককার বাদল সরকারের এ জাতীয় আরও দুটি নাটকের নাম লেখো।

ঢ) 'তোমারে বধিবে যে
গোকুলে বাড়িছে সে।'
— কে কখন বলেছিলেন?

ণ) 'চাঁদ বণিকের পালা' নাটকটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয়?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "বোঝো আর নাই বোঝো, মানো বা না মানো, আমাদের সর্বনাশে দায়িত্ব তোমার।"— কে কাকে একথা বলেছেন? একথা বলার কারণ কী?

খ) "প্রেম মানেই শ্মশান, শ্মশান মানেই প্রেম"— ব্যাখ্যা করো।

গ) 'চাঁদ বণিকের পালা' নাটকের সনকা চরিত্রটি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) "আর কি আমারে নিয়্যা ঘর করা তোমার সম্ভব?" — কে কাকে একথা বলেছে? স্বামীর জীবন বাঁচাতে বক্তাকে যে সব নীচ কাজ করতে হয়েছিল তা উল্লেখ করো।

ঙ) 'পাগলা ঘোড়া' নাটকে শ্মশানের পটভূমি রচনায় লেখকের কৃতিত্ব বিচার করো।

চ) "কারাগার আজ পূণ্যতীর্থ! কারাগার আজ স্বর্গ!" — তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'পাগলা ঘোড়া' নাটক অবলম্বনে নাট্যকারের নারীভাবনার বিশিষ্টতার পরিচয় দাও।

খ) 'চাঁদ বণিকের পালা' নাটকের বিশিষ্ট ভাষা ব্যবহারের সার্থকতা বিচার করো।